[illegible]

[illegible]

**Job Category:** Data Entry/Operator/BPO

**Job Source:** [illegible]

## Job Summary

**Posted On:** 5 Dec 2024

**Application Deadline:** 29 Dec 2024

জীবনের জন্য বিজ্ঞান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

# বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)

সংস্থাপন-২ শাখা
ড. কুদরাত-এ-খুদা রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫।
www.bcsir.gov.bd

নং-৩৯.০২.০০০০.০০৮.১১.৩২২.২৪/৪৭৬ তারিখ: ০২.১২.২০২৪

# নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ০৫.০৩.২০২৪ তারিখের ৩৯.০০.০০০০.০০৫.১১.০২৬.১৯-৮৯ সংখ্যক, ০৮.০৫.২০১৪ তারিখের ৩৯.০০.০০০০.০০৫.১১.০১২.১৭-১৩৪ সংখ্যক, ২৮.০৫.২০২৪ তারিখের ৩৯.০০.০০০০.০০৫.১১.০২৬.১৯-১৫২ সংখ্যক এবং ২৯.০৯.২০২৪ তারিখের ৩৯.০০.০০০০.০০৫.১১.০১২.১৭-৩১০ সংখ্যক স্মারকের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)-এর রাজস্বখাতভুক্ত নিম্নবর্ণিত পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://bcsir24.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল ও বেতনক্রমের গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | প্রার্থীর বয়স |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | টেকনিশিয়ান<br>টাঃ ১১০০০ - ২৬৫৯০/- (গ্রেড-১৩) | ১ টি | বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় পাশ অথবা সংশ্লিষ্ট ক্ষেত্রে ডিপ্লোমা। | অনলাইনে আবেদন গ্রহণের শুরুর তারিখে বয়সসীমা ১৮ বছর হতে ৩২ বছর। |
| ২ | ইউডিএ<br>টাঃ ১০২০০ - ২৪৬৮০/- (গ্রেড-১৪) | ১ টি | স্নাতক, তৎসহ ১ বৎসরের অভিজ্ঞতা। | |
| ৩ | সাঁটমুদ্রাক্ষরিক-কাম কম্পিউটার অপারেটর<br>টাঃ ১০২০০ - ২৪৬৮০/- (গ্রেড-১৪) | ১ টি | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট ও তৎসহ শর্টহ্যান্ডে প্রতি মিনিটে বাংলায় ও ইংরেজিতে কমপক্ষে ৪৫ ও ৭০ শব্দ এবং টাইপে বাংলায় ও ইংরেজীতে যথাক্রমে ২৩টি ও ২৮টি শব্দ লিখনের গতি। | |
| ৪ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>টাঃ ৯৩০০ - ২২৪৯০/- (গ্রেড-১৬) | ২১ টি | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট ও তৎসহ ইংরেজী টাইপে মিনিটে ৩৫ শব্দ গতিসম্পন্ন ও বাংলায় ২৫ শব্দ লিখনের গতি। | |
| ৫ | ড্রাইভার<br>টাঃ ৯৩০০ - ২২৪৯০/- (গ্রেড-১৬) | ২ টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। হালকা গাড়ি চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। অভিজ্ঞতা সম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাইবেন। | |
| ৬ | অফিস সহায়ক<br>টাঃ ৮২৫০ - ২০০১০/- (গ্রেড-২০) | ৪ টি | ৮ম শ্রেণি পাশ। | |
| ৭ | ল্যাব এটেনডেন্ট/পিপি এটেনডেন্ট/হেলপার<br>টাঃ ৮২৫০ - ২০০১০/- (গ্রেড-২০) | ৫ টি | অষ্টম শ্রেণি পাশ। | |
| ৮ | প্লাম্বিং হেলপার<br>টাঃ ৮২৫০ - ২০০১০/- (গ্রেড-২০) | ১ টি | ৮ম শ্রেণি পাশ ও তৎসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বৎসরের অভিজ্ঞতা। | |
| ৯ | মালি<br>টাঃ ৮২৫০ - ২০০১০/- (গ্রেড-২০) | ২ টি | ৮ম শ্রেণি পাশ ও তৎসহ উদ্যান রচনায় অভিজ্ঞতা। | |

**নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে :**

১। নিয়োগ সংক্রান্ত সরকারি নিয়মাবলী এবং কোটার ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসৃত হবে।
২। সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে (বিসিএসআইআর-এর ওয়েব সাইটে প্রকাশিত নমুনা মোতাবেক) নির্দিষ্ট ফরমে অনুমতি পত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে
৩। আবেদনে উল্লিখিত তথ্য প্রমাণের জন্য মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।
৪। নির্বাচনী পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। এ ধরণের পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন ভাতা প্রদান করা হবে না। একাধিক পদের পরীক্ষা একই দিনে একই সময়ে অনুষ্ঠিত হতে পারে। পরীক্ষার সময়সূচি বিসিএসআইআর-এর Website: www.bcsir.gov.bd-এ প্রকাশ করা হবে।
৫। কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
৬। নিয়োগকৃতদের রাজশাহী, চট্টগ্রাম, জয়পুরহাটসহ বিসিএসআইআর, ঢাকা-এর বিভিন্ন গবেষণাগার/ইউনিটে পদায়ন করা হবে।
৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র বাতিল করা এবং পদসংখ্যা হ্রাস-বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
৮। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://bcsir24.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ :
- (i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৮.১২.২০২৪ খ্রিঃ, সকাল ১০:০০ টা।
- (ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৯.১২.২০২৪ খ্রিঃ, বিকাল ৫:০০ টা।
- (iii) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online-এ আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) ড্রাইভার পদে আবেদনকারীগণকে অবশ্যই অনলাইনে আবেদন করার সময় ড্রাইভিং লাইসেন্স-এর Information দিতে হবে। অন্যথায়, ড্রাইভার পদে আবেদন বিবেচনা করা হবে না।

(চ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (অসম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয়। তাই আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর নিশ্চিত হয়ে PDF Copy ডাউনলোডপূর্বক রঙ্গিন প্রিন্ট সম্পন্ন করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে আবেদন ফি বাবদ ক্রমিক নং ১-৫ এ বর্ণিত পদের জন্য ২০০/- (দুইশত) টাকা এবং Teletalk এর কমিশন ও VAT বাবদ ২৩/- (তেইশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা ও ক্রমিক নং ৬-৯ এ বর্ণিত পদের জন্য ১০০/- (একশত) টাকা এবং Teletalk এর কমিশন ও VAT বাবদ ১২/- (বার) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২/- (একশত বার) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য, "Online- এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না" ।

**প্রথম SMS:** BCSIR24<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: BCSIR24 ABCDEF
Reply: Applicant's Name: Tk-223/112 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BCSIR24<Space>Yes<Space>PIN and send to 16222

**দ্বিতীয় SMS:** BCSIR24<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: BCSIR24 YES 12345678
Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BCSIR Application for (Post Name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

(ছ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bcsir24.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(জ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষার স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(ঝ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।
- (i) User ID জানা থাকলে: BCSIR24<space>Help<space>User<space>User ID & Send to 16222.
  Example: BCSIR24 Help User ABCDEF & send to 16222
- (ii) PIN Number জানা থাকলে: BCSIR24<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
  Example: BCSIR24 Help PIN 12345678 & send to 16222.

(ঞ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বিসিএসআইআর এর নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে (Website: www.bcsir.gov.bd বা http://bcsir24.teletalk.com.bd) দেখা যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.bcsir.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ট) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১-এ কল করে যোগাযোগ করা যাবে। এছাড়াও alljobs.query@teletalk.com.bd এ ই-মেইল করে এবং টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: BCSIR, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ঠ) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৯। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
১০। উল্লেখ করা হয়নি এমন যে কোন বিষয়ে সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

02-12-24
(ড. মোঃ সেলিম রেজা)
সচিব

জি-৩৫০৭/১২/২৪ (১৮×৪)